

■■ সুনান আদ-দারেমী (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ২৪২১

১৫. রক্তপণ অধ্যায় (كتاب الديات)

পরিচ্ছেদঃ ২১. যার উপর ভুল করে হত্যার দিয়াত কার্যকরী হবে

بَابِ دِيَةِ الْخَطَإِ عَلَى مَنْ هِيَ

আরবী

أَخْبَرَنَا عُثْمَانُ بْنُ عُمَرَ حَدَّثَنَا يُونُسُ عَنْ الزُّهْرِيِّ عَنْ سَعِيد بْنِ الْمُسَيَّبِ وَأَبِي سَلَمَةَ عَنْ أَبِي هُرَيْرَةَ أَنَّ امْرَأَتَيْنِ مِنْ هُذَيْلٍ اقْتَتَلَتَا فَرَمَتْ إِحْدَاهُمَا الْأُخْرَى بِحَجَرٍ فَقَتَلَتْهَا وَمَا فِي أَبِي هُرَيْرَةً أَنَّ امْرَأَتَيْنِ مِنْ هُذَيْلٍ اقْتَلَتَا فَرَمَتْ إِحْدَاهُمَا الْأُخْرَى بِحَجَرٍ فَقَتَلَتْهَا وَمَا فِي الدِّيةِ إِلَى رَسُولِ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ فَقَضَى أَنَّ دِيَةَ جَنِينِهَا غُرَّةُ عَبْدٍ أَقْ وَلِيدَةٍ وَقَضَى بِدِيتِهَا عَلَى عَاقِلَتِهَا وَوَرِثَتْهَا وَرَثَتُهَا وَلَدُهَا وَمَنْ مَعَهَا فَقَالَ حَمَلُ بْنُ النَّابِغَةِ الْهُذَلِيُّ كَيْفَ أُغَرَّمُ مَنْ لَا شَرِبَ وَلَا أَكَلَ وَلَا نَطَقَ وَلَا اسْتَهَلَّ فَمِثْلُ ذَلِكَ عَطَلُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ إِنَّمَا هُوَ مِنْ إِخْوَانِ الْكُهَّانِ مِنْ أَجْلِ سَجْعِهِ اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ إِنَّمَا هُوَ مِنْ إِخْوَانِ الْكُهَّانِ مِنْ أَجْلِ سَجْعِهِ اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ إِنَّمَا هُوَ مِنْ إِخْوَانِ الْكُهَّانِ مِنْ أَجْلِ سَجْعِهِ اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ إِنَّمَا هُوَ مِنْ إِخْوَانِ الْكُهَّانِ مِنْ أَجْلِ سَجْعِهِ النَّهِ عَلَيْهِ وَسَلَّمَ إِنَّمَا هُوَ مِنْ إِخْوَانِ الْكُهَّانِ مِنْ أَجْلِ سَجْعِهِ اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ إِنَّمَا هُوَ مِنْ إِخْوَانِ الْكُهَّانِ مِنْ أَجْلِ سَجْعِهِ اللَّذِي سَجَعَ

বাংলা

২৪২১. আবৃ হুরাইরাহ রাদ্মিয়্লাহ্ন আনহু থেকে বর্ণিত, তিনি বলেনঃ হুযায়ল গোত্রের দু' মহিলা মারামারি করার সময় একে অপরকে পাথর দিয়ে আঘাত করে। যার ফলে তার ও তার গর্ভস্থিত সন্তানের মৃত্যু ঘটে। তখন সে মহিলার আত্নীয়-স্বজন রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-এর নিকট দিয়াতের ব্যাপারে মামলা দায়ের করে। তখন রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম গর্ভস্থিত মৃত সন্তানের জন্য দিয়াতস্বরূপ একটি দাস বা দাসী দেওয়ার জন্য নির্দেশ দেন এবং তা হত্যাকারী মহিলার আত্নীয়-স্বজনদের পরিশোধ করতে বলেন। এরপর তিনি ঐ দিয়াতের মালের উত্তরাধিকারী হিসাবে নিহত মহিলার স্বামী ও সন্তানদের নির্ধারিত করেন। তখন হামল ইবনু মালিক ইবনু নাবিগা হুযালী বলেনঃ আমি সে বাচ্চার দিয়াত কিরূপে দেব, যে খাদ্য-পানীয় গ্রহণ করেনি কথা বলেনি এবং কাঁদেওনি? সুতরাং তার খুনের বিনিময় তো বাতিল যোগ্য। একথা শুনে রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেনঃ "মনে হচ্ছে, সে গণকদের ভাই।" এ ব্যক্তির এরূপ ছন্দ করে কথা বলার কারণে (তিনি একথা বলেন)।[1]

ফুটনোট



[1] তাহক্বীক্ক: এর সনদ সহীহ। হাদীসটি বুখারী ও মুসলিম কর্তৃক সম্মিলিত ভাবে বর্ণিত।

তাখরীজ: বুখারী, তিব্ব ৫৭৫৮, দিয়াত ৬৯০৫, ৬৯১০; মুসলিম, কাসামাহ ১৬৮১।

আমরা এর পূর্ণ তাখরীজ দিয়েছি মুসনাদুল মাউসিলী নং ৫৯১৭; সহীহ ইবনু হিব্বান নং ৬০১৭, ৬০১৮, ৬০২০, ৬০২২ তে।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি 🛘 বর্ণনাকারীঃ আবূ হুরায়রা (রাঃ)

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন